

Bengali/ বাংলা

Volta

অনুবাদ বাসবী ফ্রেসার

রিচার্ড বেরেনগার্টেন

Translated by Bashabi Fraser

Richard Berengarten

সাক্ষ্যভ্রমণ

এখন যখন আঁধার ঘনিয়ে আসে ---

সূর্য সন্ধ্যাট, গোলাপ রাজা দিনের সার্বভৌম অধিপতি,
তোমার ছোঁয়া লেগে আমার গা নেত্রাবরণ ধারণ করে,
মেরুদণ্ড রূপ নেয় চক্ষুশিরার, আমার দেহ কেঁপে
বালমলিয়ে ওঠে এই শহর ও সমুদ্রে তোমার স্বর্ণধারার
বর্ণা দেখে, এবং আমার চোখ ধাঁধিয়ে যায়।

এখানে আমি জানি, এক সময় সাজানো ছিল সারি সারি
বাড়ী ও রাস্তা, এবং আজও আছে, তবে অন্য শহরের
প্রতিনিধি হয়ে, যা তুমি সম্পূর্ণভাবে বদলে দিয়েছ।

আমরা তীরের ধার ধরে হাঁটি; রাতের
মাঝিরা নৌকো যাত্রার জন্য প্রস্তুত,
ইঞ্জিন চালু, প্যারাফিনের আলো সামনে জ্বলছে,
এবং সারা শহর বের হয়ে এসেছে এই সড়কে –
প্রেমিক, প্রেমিকরা হাতে হাত রাখে, যুবকেরা যৌবনের তেজের প্রতীক,
বাবাও মায়েরা রয়েছে, সাথে আইস ক্রীম হাতে বাচ্চারা,
বৃদ্ধরা রাস্তার চায়ের দোকানের টেবিলে বসে সব লক্ষ্য করে,
ছায়াঢাকা পাহাড় কাছে এগিয়ে আসে, বন্ধুভাবাপন্ন প্রাণীর মত।

পড়ন্ত বেলার মিষ্টি রোদ আকাশ, পাহাড়, সমুদ্রে ছড়ায়,
তোমার হাত আমার হাত যেন আচমকা ছুঁয়ে যায়,
ঠিক এই তরুণী, যে আমার পাশে হাঁটছে, তার ছোঁয়ার মত
তার ভারী নিতম্ব, পদক্ষেপ ছোট, চলায় ছন্দ,
ঘন কালো চুল টেনে আচড়ানো, কমনীয় গলা ও কাঁধ
বসন্তের রোদে তামাটে জলপাই - বাদামি চোখ হাসছে।
আমি তোমাকে পান করি বালমল আলো, সূরা ও সুরের মত,
যেমনভাবে তার পূর্বপুরুষেরা হাজার হাজার বছর ধরে তোমায় পান করেছে।

রত্নবহুল নগর, তার নাম এলেফথেরিয়া
যদিও তোমার আঘাত তার চোখে ধূসর বিন্দু হয়ে আছে,
তাও, এই সময় যখন আলো ও আলোর প্রত্যয়
তার মুখের ওপর আলতো কথা ও গানের মতন খেলে,
তখন এই সমুদ্রতীরে হাঁটাটা হয় তার প্রাচীন অধিকার
তোমার আলোর যন্ত্র ও অভিভাবক হয়ে
তার গভীর চোখের মণিতে সে সেই আলো সংগ্রহ করে,
তার অতিপ্রিয় স্বাধীনতা তোমাকে মাড়িয়ে যায় নর্তকীর মত।

অতিপ্রিয় সন্ধ্যা, হাজার হাজার বছরের পুরানো আলো,
খোলা গলার গায়িকা ঠিক এই নারীর মতন মনোরম,
আমি কি করে তোমার মাধুর্য্যকে ভক্তি না করে পারি-
যা তুমি এই শহর ও তার জনগণের ওপর ছড়াও,
যেই ছাঁচে সারা পৃথিবীকে তুমি রূপ দাও?
আমি তোমার নাগরিক না হলেও, তোমার দাস হয়ে গেছি
তোমায় পূর্ণভাবে পান করতে তৃষ্ণার্ত, আমার প্রতিটি
লোমকূপে ঢেলে দেব তোমার দীপ্তি ও তার মুক্তি।

Shandhyo Bhromon

...ekhon jokhon aandhaar ghoniye aashe...

Surjya shomraat, golaap raanga diner sharbobhoumya odhipoti,
Tomaar chhoya lege aamar ga netraboron dhaaron kore,
Merudondo rup naiy chokkushirar, aamar deho kempe
Jholmoliye othe ei shohor o shomudre tomaar shornodharar
Jhorna dekhe, ebong aamar chokh dhandiye jae.
Ekthane, aami jani, ek shomoye shajano chhilo shari shari
Bari o raasta, ebong aajo aachhe, tobe onyo shohorer
Protinidhi hoye, ja tumi shompurnobhabe bodle diyechho.

Aamra teerer dhaar dhore haati. Raater
Majhira nouko jaatrar jonye prostoot
Engine chaaloo, paraffiner aalo shaamne jolchhe
Ebong shaara shauhor ber hoye eshechhe ei shauroke -
Premik, premikara haate haat raakhe, jubokera jouboner tejer protik,
Baba o maayera royechhe, shaathe ice cream haate baachchaara,
Bridhdora raastar chayer dokaner tebile boshe shaub lokkho kore,
Chhayadhaka paahar kaachhe egiye aashe, bondhubhabaponno praanir mauto.

Pauronto belaar mishti raud aakash, paahaar, shomudre chhoraye,
Tomaar haat aamar haat jeno aachomka chhuyeye jaye,
Thik ei toruni, je aamar paashe hantchhe, taar chhoyar mauton,
Taar bhaari nitombho, paudokhep choto, cholaye chhondo,
Ghono kaalo chul, tene aanchrano, kaumoniyo gola o kaandh
Baushonter rode tamate jolpai-badami chokh hashchhe.
Aami tomake paan kori jholmole aalo, shuraa or shurer mauto,
Jemibhabe taar purbopureshera, haajar haajar bauchhor dhore tomaye paan korechhe.

Raundhrobobul naugor, taar naam *Eleftheria*,
Jodiyo tomaar aaghaat taar chokher dhushaur bindu hoye aachhe,
Tayo, ei shaumoy jaukhon aalo o aalor prottoy
Taar mukher opor aalto kotha o gaaner mauton khele,
Taukhon ei shomudroteere haantata hoy taar praacheen odhikaar
Tomaar aalor jauntro o obhibhaabok hoye
Taar gobhir chokher monite she shei aalo shaungroho kore,
Taar otipriyo shadhinotaa tomaake maariye jaye nortokir mauton.

Otipriyo shondhya, haajar bauchhorere purono aalo,
Kholo gaulaar gaayika, thik ei naarir mauton maunorom,
Aami ki kore tomaar maadhurjoke bhokti naa kore paari -
Jaa tumi e shauhor o taar jaunogauner opor chhaurao,
Jei chhanche shaara prithibike tumi rup dao?
Aami tomaar naagorik naa holeo, tomaar dash hoye gechhi.
Tomaye purnobhabe paan korte thrishnartho, aamar protiti
Lomkupe dhele debo tomaar dipti o taar mukti.

Richard Berengarten

Bengali translation by Bashabi Fraser

interLitQ.org